

স্মারক নং- ০৫.৫৫.২৭৩০.০০০.০৪.০৪৪.২৬- ২২৭৪

তারিখঃ ০২ সেপ্টেম্বর ২০২৬

==নিয়োগ বিজ্ঞপ্তি==

চিরিবন্দর উপজেলাধীন নিম্নবর্ণিত ইউনিয়ন পরিষদের পার্শ্বে বর্ণিত ওয়ার্ডের মহল্লাদার (গ্রাম পুলিশ) এর শূন্য পদ পূরণের জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন/ওয়ার্ডের স্থায়ী বাসিন্দাদের (পুরুষ/মহিলা) নিকট হতে শর্ত সাপেক্ষে লিখিত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রঃ নং	ইউনিয়নের নাম	পদের নাম ও ওয়ার্ড	পদের সংখ্যা	বেতন	শিক্ষাগত যোগ্যতা
০১.	১নং নশরতপুর	মহল্লাদার (গ্রাম পুলিশ) ০২নং ওয়ার্ড	০১ (এক) জন	জন প্রতি সর্বসাকুল্যে ৭,৫০০/-	কোন স্বীকৃত স্কুল হতে অষ্টম শ্রেণী পাশ বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
০২.	৩নং ফতেজংপুর	মহল্লাদার (গ্রাম পুলিশ) ০২নং ওয়ার্ড	০১ (এক) জন	জন প্রতি সর্বসাকুল্যে ৭,৫০০/-	
০৩.	৭নং আউলিয়াপুকুর	মহল্লাদার (গ্রাম পুলিশ) ০১নং ওয়ার্ড	০১ (এক) জন	জন প্রতি সর্বসাকুল্যে ৭,৫০০/-	
০৪.	১১নং তেঁতুলিয়া	মহল্লাদার (গ্রাম পুলিশ) ০৭ নং ওয়ার্ড	০১ (এক) জন	জন প্রতি সর্বসাকুল্যে ৭,৫০০/-	

- ১। প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে। প্রমানক হিসেবে জাতীয় পরিচয় পত্র ও জন্ম নিবন্ধনের ঠিকানা সংশ্লিষ্ট ইউনিয়নের হতে হবে।
- ২। আবেদন পত্রে প্রার্থীর (ক) নাম (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জাতীয়তা (ছ) ধর্ম (জ) জন্ম তারিখ (ঝ) ২৪.০৯.২০২৬ তারিখে বয়স (ঞ) শিক্ষাগত যোগ্যতা (ট) অভিজ্ঞতা (যদি থাকে) ঠ) মোবাইল নম্বর উল্লেখসহ প্রার্থীকে লিখিত আবেদন করতে হবে।
- ৩। আবেদন পত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে।
ক) ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।
খ) জাতীয় পরিচয়পত্র ও জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি।
গ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত রঞ্জন ছবি ০৩ (তিন) কপি।
ঘ) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদের সত্যায়িত ফটোকপি।
ঙ) উপজেলা নির্বাহী অফিসার, চিরিবন্দর, দিনাজপুর বরাবর ৩০০/- (তিনশত) টাকার অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট সংযুক্ত করতে হবে।
চ) মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রার্থীর পিতা-মাতাকে প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদের সত্যায়িত কপি।
- ৪। ২৪.০৯.২০২৬ খ্রি. তারিখে প্রার্থীর বয়সসীমা অনূর্ধ্ব ৩০ বছর হতে হবে। মুক্তিযোদ্ধা সন্তানদের ক্ষেত্রে বয়স ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
- ৫। আবেদন পত্র আগামী ২৪.০৯.২০২৬ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে অফিস চলাকালীন সময়ে ডাকযোগে/সরাসরি পৌছাতে হবে।
- ৬। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- ৭। প্রার্থীকে নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।
- ৮। খামের উপরে মোটা অক্ষরে পদের নাম লিখতে হবে।
- ৯। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

Katla
02/09/2024

(ফাতেহা তুজ জোহরা)

উপজেলা নির্বাহী অফিসার

চিরিবন্দর, দিনাজপুর

☎ ০২৫৮৯৯২৫৯০৭

Email-unochirirbandar@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৫৫.২৭৩০.০০০.০৪.০৪৪.২৬- ২২৭৪

তারিখঃ ০২ সেপ্টেম্বর ২০২৬

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো

- ১। জেলা প্রশাসক, দিনাজপুর
- ২। উপপরিচালক, স্থানীয় সরকার, দিনাজপুর
- ৩। অফিসার ইনচার্জ, চিরিবন্দর থানা, দিনাজপুর
- ৪। সহকারী প্রোগ্রামার, তথ্য ও প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, চিরিবন্দর, দিনাজপুর। বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের জন্য।
- ৬। চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যান, ... ইউনিয়ন পরিষদ, চিরিবন্দর, দিনাজপুর
- ৭। ইউপি সদস্য, ... ইউনিয়ন পরিষদ, ... ওয়ার্ড, চিরিবন্দর, দিনাজপুর
- ৮। ইউপি প্রশাসনিক কর্মকর্তা, ... ইউনিয়ন পরিষদ, চিরিবন্দর, দিনাজপুর

Katla
02/09/2024

উপজেলা নির্বাহী অফিসার

চিরিবন্দর, দিনাজপুর